গাংনীতে চাঁদাবাজির অভিযোগে সংবাদ সম্মেলন

মেহেরপুরের গাংনীতে সাংবাদিক পরিচয়ে একের পর এক চাঁদাবাজিতে অত্যাচারে অতিষ্ঠ হয়ে সংবাদ সম্মেলন করেছেন মেহেরপুরের গাংনী উপজেলার রামনগর গ্রামের মোটর সাইকেল মেকানিক্স জান্নাত আলী নামের এক ভুক্তভোগী। আজ শনিবার গাংনী প্রেসক্লাবে এ সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়। লিখিত বক্তব্য পাঠ করেন জান্নাত আলী।

প্রেসক্লাব সভাপতি রমজান আলীর সভাপতিত্বে সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে তিনি জানান, কিছুদিন আগে সাংবাদিক পরিচয় দিয়ে গাংনী উপজেলার বাওট গ্রামের আনু হকের ছেলে মিনারুল ইসলাম ও একই উপজেলার চরগোয়ালগ্রামের আজাদ আলীর ছেলে রাব্বী হোসেন নামের দুজন আমার দোকানে তাদের মোটরসাইকেল মেরামত করতেন।

মোটরসাইকেল মেরামত বাবদ একহাজার ৭শ টাকা বিল হয়। বিল না দিয়ে বাকী রেখে সাংবাদিক পরিচয় দিয়ে চলে আসেন। পরে তাদের মোবাইল ফোন ও রাব্বী হোসেনের বাড়ি আমার পাশের গ্রাম হওয়ায় বিল চাওয়ায় আমার উপর ক্ষিপ্ত হন তারা দুজনই। পরে আমাকে নানা ধরনের হুমকী ধামকী দিতে শুরু করেন। আমার নামে অবৈধ পোর্টাল গাংনীর চোখ, জেটিভিতে মিথ্যা বানোয়াট ও মানহানিকর সংবাদ প্রকাশ করে তারা।

এক পর্যায় একটা মামলায় জড়িয়ে গ্রেফতার করে চালান দেয়ারও হুমকি দেয় তারা। এবং মামলা থেকে বাঁচতে হলে এসপি, ডিবি ও গাংনী থানা পুলিশকে ম্যানেজ করতে আমার কাছ থেকে এক লাখ টাকা দাবী করে রাব্বী হোসেন। সে আমাকে চরগোয়ালগ্রামের কবরস্থানের কাছে টাকা নিয়ে আসতে বলেন। আমি আমার বাবা ও দোকানের কয়েকজন কর্মচারী ৭০ হাজার টাকা নিয়ে হাজির হয়ে টাকা প্রদান করি।

ওই দিন রাতেই আমাকে গাংনী থানা পুলিশের এসআই জহির রায়হান একটি অপহরণ মামলার আসামী হিসেবে আটক করেন। যদিও মামলার এজাহারে কোন নাম ছিল না। আমি পঁচিশ দিন জেল হাজত থেকে জামিনে মুক্তি নিয়ে বাড়িতে এসে রাব্বীর কাছে প্রদানকৃত ৭০ হাজার টাকা ফেরত চাইলেও তিনি টাকা ফেরত দেন নি। বরং আমাকে আবারো পুলিশ দিয়ে হয়রানীর হুমকি ধামকি দিচ্ছেন।

বক্তব্যে জান্নাত আরো জানান, আমি খোঁজ খবর নিয়ে দেখেছি আমার

কাছ থেকে টাকা আদায়ের জন্য সাংবাদিক পরিচয়দানকারী রাব্বী হোসেনকে এসপি, ডিবি বা গাংনী থানা পুলিশ কেউ ম্যাসেজ দেয়নি এবং কেউ বলেনি।

তাদের নাম ভাঙ্গিয়ে আমার কাছ থেকে চাঁদাবাজি করা হয়েছে। এ ব্যাপারে তিনি প্রতিকার চেয়েছেন সেই সাথে হস্তক্ষেপ কামনা করেছেন প্রশাসনের।

সংবাদ সম্মেলনে গাংনী প্রেসক্লাবের সকল সাংবাদিকগণ উপস্থিত ছিলেন।

ব্ল্যাক বেঙ্গল জাতের ছাগল উন্নয়ন ও সম্প্রসারণ প্রকল্পের আওতায় ছাগলের মেলা

মুজিবনগরে ব্ল্যাক বেঙ্গল জাতের ছাগল উন্নয়ন ও সম্প্রসারণ প্রকল্পের আওতায় ছাগলের মেলা শেষে পুরষ্কার বিতরণ করা হয়েছে। শনিবার দুপুরে রামনগর খেলার মাঠে ব্ল্যাক বেঙ্গল জাতের ছাগল উন্নয়ন ও সম্প্রসারণ প্রকল্পের অর্থায়নে এ মেলার আয়োজন করা হয়।

এ উপলক্ষে উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডা: কাজী নজরুল ইসলামের নেতৃত্বে র্যালী, আলোচনা সভা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়।
এ সময় উক্ত র্যালিতে উপজেলা ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা সিনিয়র উপজেলা মৎস কর্মকর্তা শহিদুল ইসলাম,উপজেলা কৃষি সম্প্রসারন অফিসার আসিফ ইকবাল অংশ নেন।

পরে উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডা: কাজী নজরুল ইসলামের সভাপতিত্বে ব্ল্যাক বেঙ্গল জাতের ছাগল উন্নয়ন সংক্লান্ত আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

মুজিবনগর বিদ্যুৎস্পৃষ্ট হয়ে এসএস স্টিল মিস্ত্রির মৃত্যু

মুজিবনগরে ছাদের উপর থেকে এসএস স্টিলের পাইপ নামানোর সময় অসাবধানতাবসত বিদ্যুৎ তারের সাথে লেগে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে মিরাজুল ইসলাম (২২) নামের এক শ্রমিকের মৃত্যু হয়েছে।
শনিবার দুপুর সাড়ে বারোটার দিকে মুজিবনগর উপজেলার কেদারগঞ্জ বাজারে ঝর্না স্যানিটারির ছাদের উপর এ মর্মান্তিক দুর্ঘটনা ঘটে। নিহত মিরাজুল ইসলাম উপজেলার ভবানীপুর গ্রামের ইউনুস মন্ডলের ছেলে।
জানা গেছে, ক্রেতার বাড়ির সিঁড়ির কাজ করানোর জন্য ঝর্ণা স্যানিটারির ছাদের উপর থেকে এসএস স্টিল পাইপ নিচে নামাতে যায় মিরাজুল। পাইপ নামাতে গিয়ে ছাদের পাশ দিয়ে বয়ে যাওয়া বিদ্যুৎ এর লাইনের সাথে অসাবধানতাবসত স্টিলের পাইপ স্পর্শ করে। এতে সে বিদ্যুৎস্পৃষ্ট হয়। তার ডান হাত ঝলসে যায় এবং সে মাটিতে ছাদে লুটিয়ে পড়ে এবং ঘটনাস্থলের তার মৃত্যু হয়।
খবর পেয়ে মুজিবনগর থানার অফিসার ইনচার্জ আব্দুল হাশেমসহ পুলিশের একটি টিম ঘটনাস্থল পরিদর্শন করে।
অফিসার ইনচার্জ আব্দুল হাশেম জানান, প্রাথমিক তদন্তে বিদ্যুৎ স্পৃষ্ট হয়ে তার মৃত্যু হয়েছে এমন প্রমান পেয়েছি। নিহতের পরিবারের পক্ষ থেকে কোন অভিযোগ না থাকায় লাশ পরিবারের হাতে হস্তান্তর করা হয়েছে।

মুজিবনগরে প্রাণিসম্পদ প্রদর্শনী মেলা অনুষ্ঠিত

মুজিবনগরে ‘প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প'(এলডিডিপি)প্রাণিসম্পদ অধিদপ্তর,মৎস ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সহযোগিতায় মুজিবনগর উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতালের আয়োজনে প্রাণিসম্পদ প্রদর্শনী- ২০২১ অনুষ্ঠিত হয়েছে।
শনিবার সকাল সাড়ে ১১ টার দিকে উপজেলার রামনগর খেলার মাঠে এ মেলা অনুষ্ঠিত হয়।
মুজিবনগর উপজেলা প্রণিসম্পদ কর্মকর্তা ডা: নজরুল ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্হিত ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা।
উপজেলা প্রণিসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা আব্দুল করিম এর সঞ্চালনায় বিশেষ অতিথি হিসাবে উপস্হিত ছিলেন মুজিবনগর সিনিয়র উপজেলা মৎস কর্মকর্তা শহিদুল ইসলাম,উপজেলা কৃষি সম্প্রসারন অফিসার আসিফ ইকবাল।
উপস্হিত ছিলেন উপজেলা প্রণিসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা তানিয়া আখতার,উপসহকারি প্রানিসম্পদ কর্মকর্তা খলেকুজ্জামান ও জয়নাল আবেদীন সহ উপজেলা প্রণিসম্পদ অফিসের কর্মকর্তা কর্মচারি বৃন্দ। অনুষ্ঠানের শুরুতে আমন্ত্রিত অতিথিবৃন্দ ফিতা কেটে প্রদর্শনীর উদ্বোধন করেন এবং প্রদর্শনী ঘুরে দেখে আসন গ্রহন করেন।প্রদর্শনীতে ১ম ২য় ৩য় স্হান অধিকারীদের মাঝে পুরস্কার হিসাবে চেক ও সনদ বিতরণ করা হয়। পরে সভাপতির সমাপনি বক্তব্য এর মধ্যদিয়ে অনুষ্ঠানে সমাপ্তি ঘোষনা করা হয়।
প্রাণিসম্পদ প্রদর্শনী- ২০২১ এর প্রদর্শনীতে ৫০ টি স্টল অংশ গ্রহন করে। এর মধ্য ১০ টি গাভী গরু, ১০ ষাড় গরু,১০ টি ভেড়া,১০টি ছাগল এবং ১০ টি অন্যান্য প্রণীর স্টল অংশ গ্রহন করে এবং অংশগ্রহন কারী প্রত্যেক ক্যাটাগরি থেকে ১,২,৩ স্হান অধিকারী মাঝে পুরস্কার বিতরণ করার হয়।

মেহেরপুরের শোলমারী থেকে

গাঁজাসহ এক জন আটক

মেহেরপুর সদর উপজেলার শোলমারী গ্রামের বিশ্বাসপাড়ায় অভিযান চালিয়ে ২৫০ গ্রাম গাঁজাসহ হাবিবুর রহমান নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে ডিবি পুলিশ।
গতকাল শুক্রবার রাত পোনে ১১ টায় এস আই হাবিবুর রহমান নেতৃত্বে এএসআই হেলাল উদ্দিন, এএসআই ইব্রাহিম বিশ্বাস ও এএসআই আহসান হাবীব এ অভিযান পরিচালনা করেন। আটক হাবিবুর রহমান ওই পাড়ার জামাল আলীর ছেলে।
ডিবির ওসি জানান, গোপন সংবাদের ভিত্তিতে এ অভিযান পরিচালনা করা হয়। আটক হাবিবুর কে মামলা দিয়ে মেহেরপুর সদর থানায় সোপর্দ করা হয়েছে।

বাইক রাইডার গ্রুপের জোরপূর্বক মুজিবনগরে ঢোকার চেষ্টা! আনসার সদস্যের সাথে হাতাহাতি

মেহেরপুর থেকে বাইক রাইডার নামের একটি গ্রুপের সদস্যরা ৫০ উর্ধ মটরবাইক নিয়ে র্যালী করে জোরপূর্বক মুজিবনগরে ঢুকতে চাইলে হাতাহাতি হয়েছে মুজিবনগর কমপ্লেক্স গেটে ডিউটিরত আনসার সদস্যের সাথে।

এতে করে গ্রুপের কয়েকজন সদস্য সামান্য আহত হয়েছে বলে জানা গেছে। মুজিবনগরের ভিতরে ছবি তুলে তাদের ফেইসবুক গ্রুপের কভার ফটো করার উদ্যেশ্য ছিলো তাদের। করোনা ভাইরাস প্রাদুর্ভাব বৃদ্ধি পাওয়ায় মুজিবনগর কমপ্লেক্সে দর্শনার্থীদের প্রবেশ নিষেধাঙ্গায় দির্ঘদিন ধরে গেটলক আছে। কোন গুরুত্বপূর্ণ কাজ ব্যাতিত কাউকে মুজিবনগরে প্রবেশ করতে দেওয়া হয় না।

এরই মধ্যে শুক্রবার বিকালে ছবি তোলার জন্য শতাধীক লোকজন নিয়ে মুজিবনগরে আসে বাইক রাইডার গ্রুপের কয়েকজন এডমিন মডারেটরসহ সদস্যরা। যাদের সকলের বয়স ১৮ এর নিচে। কারও কাছে ছিলো না হেলমেট এবং ড্রাইভিং লাইসেন্স। বাইকরাইডার এর সদস্যরা মুজিবনগর গেটে পৌছানোর পর ভিতরে ঢুকতে চাইলে আনসার সদস্যরা তাদের ভিতরে প্রবেশ করতে না দিলে কথা কাটাকাটির এক পর্যায়ে হাতাহাতি শুরু হয় তাদের। এতে করে ঠেলাঠেলির ভিতরে পরে যেয়ে গ্রুপের দুইজন সদস্য হাত এবং পিঠ ছিলে যায়। পরে তাদের চিকিৎসার জন্য হাসপাতালে নিয়ে যাওয়া হয়।

ডিউটিরত আনসার সদস্যরা জানান, দির্ঘদিন ধরে ইউএনও স্যারের নির্দেশে গেট বন্ধ রয়েছে। এরই মধ্যে তারা মুজিবনগর আসলে আমরা ভিতরে না ঢুকার জন্য বুঝিয়ে বলি। কিন্তু এরই মধ্যে কয়েকজন ছেলে প্রাচীর লাফ দিয়ে জোর পূর্বক ভিতরে প্রবেশ করতে থাকে। আমরা তাদের আটকাতে গেলে তারা অশ্নীল আচারণ ও উগ্র মেজাজে কথা বলতে থাকে। পরে আমরা তাদের বের করে দিতে গেলে ঠেলাঠেলি শুরু হয়।

বাইক রাইডার গ্রুপের সদস্যরা জানান, আমরা গ্রুপের কভার ফটো চেঞ্জ করার জন্য মেহেরপুর থেকে র্যালী করে ছবি তোলার উদ্যেশে মুজিবনগর আসি। প্রথম পর্যায়ে আনসার সদস্যরা ঢুকতে না দিলে আমরা ইউএনও স্যারের অনুমতি নেয়ার জন্য তাদের বলি। কিন্তু তারা ইউএনও স্যারের সাথে কথা না বলেই আমাদের বের করে দেন। কিন্তু পরবর্তিতে একজন পুলিশ সদস্যের সাথে কথা চলাকালীন অবস্থায় আনসার সদস্যরা বাইরে এসে আমাদের মারধর শুরু করে।

মুজিবনগর আনসার বাহিনির এপিসি আলী হোসেন জানান, ঘটনা শোনার পর আমি ইউএনও স্যারকে জানিয়েছি।

এ বিষয়ে মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকার জানান, ঘটনা শোনার পর আমি এবং ওসি সাহেব সেখানে গিয়েছিলাম। যেয়ে দেখি ওরা ছিলো সকলেই ১৮ বছরের নিচে। গেটের সামনে প্রবেশ নিষেধ এমন বিজ্ঞাপন দেখা সত্তেও জোর পূর্বক প্রবেশ করতে চাওয়ায় একটু ভূল বোঝাবুঝির কারণে হয়তো এমন পরিস্থিতির সৃষ্টি হয়েছে। তবে সেখানে যেয়ে সকল বিষয় শুনে তাদের সাথে কথা বলে বিষয়টি মিমাংসা করে দেয়া হয়েছে।

তৃতীয়বারের মতো উপজেলা চ্যাম্পিয়ন আমদাহ ইউনিয়ন

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট বালক (অনূর্ধ্ব-১৭) ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়েছে। মেহেরপুর সদর উপজেলা পরিষদের উদ্যোগে বৃহস্পতিবার মেহেরপুর স্টেডিয়াম মাঠে অনুষ্ঠিত খেলায় আমদাহ ইউনিয়ন চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করেছে।

এ নিয়ে টানা তৃতীয়বারের মতো উপজেলা চ্যাম্পিয়ন হওয়ার অনন্য গৌরব অর্জন করলো আমদাহ ইউনিয়ন।

খেলা শেষে মেহেরপুর সদর উপজেলা চেয়ারম্যান অ্যাড ইয়ারুল ইসলাম বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন। সদর উপজেলা নির্বাহি অফিসার মোঃ মাসুদুল আলমের সভাপতিত্বে পুরস্কার বিতরণ অনুষ্ঠানে বক্তব্য রাখেন, মেহেরপুর সদর থানার ওসি শাহ দারা।

পুরস্কার বিতরণী অনুষ্ঠানে অন্যদের মধ্যে, সহকারী কমিশনার (ভূমি) ইয়ানুর রহমান, জেলা ক্রীড়া অফিসার আরিফ আহমেদ, সদর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আনোয়ার হোসেন, জেলা ফুটবল এসোসিয়েশনের সাধারণ সম্পাদক আনোয়ারুল হক শাহী, ইউপি চেয়ারম্যান বোরহান উদ্দিন আহমেদ চুন্নু, আনারুল ইসলাম, শাহ জামাল এ সময সেখানে উপস্থিত ছিলেন। ফাইনাল খেলার একমাত্র গোলদাতা হিমেল সেরা খেলোয়াড় নির্বাচিত হন।

বাগোয়ান ইউনিয়ন পরিষদের

আয়োজনে মাস্ক ও লিফলেট বিতরন

মুজিবনগরে করোনা ভইরাস এর ২য় ঢেউ প্রতিরোধে মাস্ক বিতরন ও জনসচেতনতা মূলক লিফলেট বিতরন করেছে বাগোয়ান ইউনিয়ন পরিষদ। বৃহস্প্রতিবার সকালে মুজিবনগর উপজেলার কেদারগন্জ বাজার প্রাঙ্গনে এ কর্মসূচি পালন করা হয়।
মাস্ক বিতরন অনুষ্ঠান ও জনসচেতনতা কর্মসূচির নেতৃত্ব দেন বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আয়ূব হোসেন।
এ সময় ইউপি সদস্য সোহরাব হোসেন,দিলিপ মল্লিক,ফেরদৌস আলী মেন্তা,কাজী কোমর উদ্দীন সেলিম,শংকর বিশ্বাস,সংরক্ষিত মহিলা সদস্য নারগীস খাতুন, শাহিনুর খাতুনসহ ইউপি সদস্যগন,ইউনিয়ন পরিষদের সকল স্ট্রাফবৃন্দ ও গ্রামপুলিশ উপস্থিত ছিলেন।
মাস্ক বিতরন অনুষ্ঠানে জনসাধারনের উদ্দেশে আয়ূব হোসেন বলেন,করোনা ভাইরাস প্রতিরোধে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ১৮ দফা নির্দেশনাবলী বাস্তবায়নের লক্ষে জনপ্রশাসন প্রতিমন্ত্রী অধ্যাপক ফরহাদ হোসেন দোদুলের পরামর্শক্রমে আমাদের এই কর্মসূচি। আমরা করোনা ভাইরাস থেকে রক্ষা পেতে জরুরি প্রয়োজন ছাড়া বাইরে বের হব না।নিয়মিত মাস্ক পরিধান করবো।সামাজিক দুরুত্ব বজায় রাখবো।নিয়মিত সাবান দিয়ে হাত পরিষ্কার করবো।তাহলেই ইনশাআল্লাহ আমরা করোনা ভাইরাস থেকে মুক্তি পেতে পারবো

মেহেরপুরে নার্সের অবহেলায় নবজাতকের মৃত্যুর ঘটনায় মানববন্ধন অবস্থান

মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে নাজমিন নাহার ও জান্নাতুল নাঈম নামের দুই নার্স এর অবহেলায় নবজাতকের মৃত্যুকে কেন্দ্র করে ঘটনার বিচারের দাবিতে মানববন্ধন ও অবস্থান ধর্মঘট করেছে ভুক্তভোগী পরিবারের সদস্যরা।

গতকাল বুধবার সকাল সাড়ে দশটার দিকে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালের সামনে মানববন্ধন করেন তারা। এসময় বক্তব্য রাখেন ভুক্তভোগী পরিবারের সদস্য রাসেল ও মারুফ। পরে ২৫০ শয্যা

বিশিষ্ট জেনারেল হাসপাতালের তত্ত্বাবধায়কের রুমের সামনে বসে অবস্থান ধর্মঘট করেন তারা।

মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালের তত্ত্বাবধায়ক সেখানে উপস্থিত হয়ে বলেন এ ঘটনায় পাঁচ সদস্য বিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে। তদন্ত অনুসারে ব্যবস্থা গ্রহণ করা হবে। তবে ভুক্তভোগীর পরিবারের সদস্যরা বলেন আগামী ৭২ ঘন্টার ভিতরে যদি কোনো সুষ্ঠু বিচার না হয় তাহলে আমরা কঠোর আন্দোলনে যেতে বাধ্য হব। এ সময় সেখানে উপস্থিত ছিলেন সৈকত, সৌরভ, তৌফিক, কৌশিক, হাসিব সহ আরো অনেকে।

উল্লেখ্য, গত সোমবার মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে নার্সের অবহেলায় নবজাতকের মৃত্যুর অভিযোগ উঠে। নবজাতকটি অসুস্থ থাকায়, নবজাতক শিশু ও কিশোর বিশেষজ্ঞ ডাক্তার ওবায়দুল ইসলাম পলাশকে দেখানো হলে তিনি মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে ভর্তি করার পরামর্শ দেন।

পরে বিকেল সাড়ে পাঁচটার দিকে হাসপাতালে ভর্তি করলে নবজাতকটি আরো বেশি অসুস্থ হয়ে পড়ে। এসময় ডিউটিরত নার্সদের কাছে গেলে বিষয়টি এড়িয়ে যান, এবং মোবাইল ব্যবহারে মগ্ন থাকেন। পরে রাত আনুমানিক আটটার দিকে নবজাতকের মৃত্যু হয়। এসময় নাজমিন নাহার ও জান্নাতুল নাঈম নামের দুজন নার্স ডিউটিরত ছিলেন।

গাংনীতে বিশ্ববিদ্যালয় সংক্রান্ত ফ্রি এডুকেশন ওয়ার্কশপ অনুষ্ঠিত

মেহেরপুরের গাংনীতে বিশ্ববিদ্যালয় সংক্রান্ত ফ্রি এডুকেশন ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়েছে। গতকাল বুধবার গাংনীতে দি হাঙ্গার প্রজেক্ট এরিয়া অফিসে ফ্রি এডুকেশন ওয়ার্কশপ করানো হয়।

বিশ্ববিদ্যালয়ে ভর্তি সংক্রান্ত সকল জানা অজানা তথ্য বিশ্লেষণ

নিয়ে ঘন্টা ব্যাপি ওয়ার্কশপ করানো হয়। পাবলিক বিশ্ববিদ্যালয়ের সুযোগ পেতে হলে কি কি করণীয় কি কি বর্জনীয়। পাবলিক বিশ্ববিদ্যালয়ে সুযোগ না হলে কি করণীয়। উজ্জল ভবিষ্যৎ ও ছাত্রজীবন সফলতার গল্পনিয়ে ছাত্র-ছাত্রীদের বিশ্ববিদ্যালয় মুখী করার অনুপ্রেরণা দেয়া হয়।

উক্ত ওয়ার্কশপে আলোচক হিসেবে ছিলেন, কুষ্টিয়া রবীন্দ্র মৈত্রী বিশ্ববিদ্যালয়ের প্রক্টর (ভারপ্রাপ্ত) এস. এম. হাসিবুর রশিদ, রবীন্দ্র মৈত্রী বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের প্রভাষক আব্দুল জজিল, রবীন্দ্র মৈত্রী বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের প্রভাষক মোঃ রিপন আলী উক্ত ফ্রি এডুকেশন ওয়ার্কশপটি আয়োজন করেন, ইয়ুথ এন্ডিং হাঙ্গার গাংনী উপজেলা ইউনিট ও সহযোগিতা করেন রবীন্দ্র মৈত্রী বিশ্ববিদ্যালয়।